দৈনিক বাংলা

তারিখ 08 SEP 1992
পৃষ্ঠা ১ কলাম ৪

15

# ছাত্রের হাতে চট্টগ্রাম ভার্সিটি কর্মকর্তা প্রহৃত

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ চট্টগ্রাম, ৭ সেপ্টেম্বর। — চট্টগ্রাম ভার্সিটির প্রশাসনিক ভবনে এক অপ্রীতিকর ঘটনায় একদল ছাত্রের হাতে দু'জন কর্মচারী প্রহৃত হয়েছেন।

(আটের পাতায় ১-এর কঃ দ্রঃ)

## ছাত্রের হাতে চট্টগ্রাম

(প্রথম পৃষ্ঠার পর)

সোমবার দুপুরে একটি ছাত্রসংগঠনের ৭/৮ জন তরুণ হিসাব বিভাগের কর্মকর্তা মোহাম্মদ হাবিবের সাথে তর্কাতর্কির এক পর্যায়ে হামলা চালায়। এসময় শাহআলম নামে জনৈক কর্মচারী বাধা দিতে গেলে তাঁর ওপরও হামলা চালানো হয়। শাহ-আলমকে মারাত্মক আহতাবস্থায় ভার্সিটি মেডিক্যাল সেন্টারে ভর্তি করা হয়।

সপ্তাহখানেক আগে ভার্সিটি টেলিফোন এক্সচেঞ্জেও অনুরূপ এক হামলায় একজন অপারেটর আহত হয়। ভার্সিটিতে এনিয়ে উত্তেজনা বিরাজ করছে।